প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
নতুন বিমান বন্দর সড়ক
তেজগাঁও, ঢাকা-১২১৫
তারালাপনী ঃ ৮৮০২-২২২২৪৫০১৫
Web : www.dgdp.gov.bd
E-mail: info@dgdp.gov.bd

০৬.০৬.০০০০.২০৭.০৭.১৮০২.২৩ মে ২০২৩

**তালিকাভূক্তি ও পরিচয়পত্র নবায়ন করণ এবং অন্যান্য বিষয় প্রসংগে**

বরাতঃ

ক। পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) ২০০৮ (সংশোধিত) এর বিধি ৫২(৩) (ঙ) তালিকাভুক্তি ও নবায়ন ফি।

১। অবহিত করা যাচেছ যে, উল্লেখিত বিধি মোতাবেক আগামী ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ডিজিডিপি'র প্রতিটি তালিকাভুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠানের (যাদের ডিজিএফআই কর্তৃক প্রদত্ত নিরাপত্তা ছাড়পত্রের মেয়াদ বলবৎ রয়েছে) তালিকাভুক্তি ও পরিচয়পত্র নবায়নের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদি সহ তালিকাভুক্তি নবায়ন ফি বাবদ ২০০০+৩০০ (ভ্যাট চার্জ ১৫%) = ২৩০০.০০ (দুই হাজার তিনশত) টাকা এবং প্রতিটি পরিচয়পত্র নবায়ন ফি বাবদ ৩০০.০০ (তিন শত ) টাকার পে-অর্ডার (ডিজি, ডিজিডিপি বরাবর) এর সাথে পরিচয়পত্র **আবেদন ফরম পূরণ করত আগামী ০১ জুন ২০২৩ হতে ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে জমা করার জন্য অনুরোধ করা হলো ঃ**

ক। হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (২০২২-২০২৩ অর্থ বছরের জন্য নবায়নকৃত)।
খ। হালনাগাদ আয়কর সনদপত্রের ফটোকপি (২০২২-২০২৩ অর্থ বছরের জন্য নবায়নকৃত)।
গ। টিআইএন ও বিআইএন সনদের ফটোকপি।
ঘ। হালনাগাদ (২০২২-২০২৩ অর্থ বছরে নবায়নকৃত) আমদানি নিবন্ধন সনদ, ইনডেন্টিং সার্ভিস সনদ ও বাংলাদেশ ইন্ডেন্টিং এজেন্টস এসোসিয়েশন এর মেম্বারশীপ সনদের ফটোকপি (বৈদেশিক পণ্য/দ্রব্যাদি সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য)।

২। নির্ধারিত সময়ের পর অর্থাৎ **০১ জুলাই ২০২৩ তারিখ হতে ৩১ জুলাই ২০২৩** পর্যন্ত সমপরিমান হারে জরিমানা হিসেবে (২৩০০+২৩০০) = ৪,৬০০/- (চার হাজার ছয়শত) টাকার পে-অর্ডার গ্রহণ সাপেক্ষে প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন করা হবে। উল্লেখিত সময়ের পর অর্থাৎ ০১ আগষ্ট ২০২৩ হতে ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত (৪৬০০+৪৬০০) = ৯,২০০.০০ (নয় হাজার দুইশত) টাকা জমা পূর্বক বাৎসরিক নবায়ন করতে হবে। পরবর্তী অর্থবছর গুলোতে নবায়ন ফি একই হারে প্রযোজ্য হবে। **উল্লেখ্য, সরবরাহকারী প্রতিষ্ঠানের অভিপ্রায় অনুযায়ী কোন প্রতিষ্ঠান চাইলে একই সাথে ২/৩/4 অথবা ০৫ অর্থবছরের জন্য প্রতিষ্ঠানের অগ্রিম নবায়ন ফি প্রদান পূর্বক নবায়ন করতে পারবে। তবে প্রতিষ্ঠানের নবায়নের ক্ষেত্রে অগ্রিম অর্থ বছর সমূহের নবায়নের জন্য জরিমানা প্রযোজ্য হবে না।** পর পর ০৩ (তিন) বৎসর কোন প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন করা না হলে তাদের তালিকাভুক্তি (কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে) বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে তালিকাভুক্তি বাতিলের কোন চিঠি/পত্র প্রেরণ করা হবে না।

৩। তালিকাভুক্ত প্রতিটি প্রতিষ্ঠানের অনুকূলে মালিক/ব্যবস্থাপনা পরিচালক সহ অন্য ০২ (দুই) জন প্রতিনিধির অর্থাৎ অনধিক ০৩ (তিন) টি পরিচয় পত্র ইস্যু করা হয়। প্রতি অর্থ বছরের শুরুতে ডিজিডিপি কর্তৃক প্রদত্ত নির্ধারিত সময়ের মধ্যে পরিচয়পত্র নবায়ন ফি জমা প্রদানে ব্যর্থ হলে নির্ধারিত সময়ের পর (অর্থাৎ ৩০ জুন ২০২৩ এর পরে) পরিচয় পত্র নবায়ন ফি বাবদ সমপরিমান হারে জরিমানা হিসেবে (৩০০ + ৩০০) = ৬০০.০০(ছয় শত) টাকার পে-অর্ডার গ্রহণ সাপেক্ষে পরিচয়পত্র বাৎসরিক নবায়ন করা যেতে পারে। **পরিচয় পত্র নবায়নের ক্ষেত্রে প্রত্যেক পরিচয় পত্রের জন্য আলাদা পে-অর্ডার এবং ০১ কপি পাসপোর্ট সাইজের ছবি সহ পরিচয় পত্রের ফরম পূরণ করতঃ (পূর্বের ইস্যুকৃত পরিচয়পত্রের কার্ড নং উল্লেখ সহ) কোম্পানীর প্যাডে আবেদন করতে হবে। উল্লেখ্য, ডিজিডিপির ওয়েবসাইট থেকে পরিচয়পত্র ফরম সংগ্রহ করা যাবে।**

৪। ইস্যুকৃত পে-অর্ডার/পে-অর্ডারসমূহ বাংলাদেশ ব্যাংকের তফসীলভুক্ত যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে MICR (Magnetic Ink Character Recognition Technology) সিস্টেম সম্বলিত হতে হবে। সময়ের আবর্তনে অনুচ্ছেদ ২ ও ৩ এ বর্ণিত এই হার/ফি পরিবর্তন যোগ্য।

৫। **উল্লেখ্য, স্ব-স্ব প্রতিষ্ঠানের অনুকূলে ডিজিএফআই কর্তৃক প্রদত্ত (০৫ বছর মেয়াদী) নিরাপত্তা ছাড়পত্রের মেয়াদ পুর্তির ০৮ (আট) মাস পূর্বে নবায়নের আবেদনপত্র প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরে প্রেরনের জন্য অনুরোধ করা হলো। নিরাপত্তা ছাড়পত্র যথাসময়ে নবায়ন করা না হলে মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, ডিজিডিপির ওয়েবসাইট থেকে নিরাপত্তা ছাড়পত্র নবায়ন ফরম সংগ্রহ করা যাবে।**

৬। উপরোক্ত বিষয়াদি আপনাদের সকলের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রচার করা হলো ।

ফিরোজ ওয়াহিদ
মেজর
মহাপরিচালকের পক্ষে

বিতরণ ঃ

বহির্গমন ঃ

কার্যক্রম ঃ

ডিজিডিপি এর তালিকাভূক্ত প্রতিষ্ঠান সমূহ

অবগতি ঃ

ডিজিডিপি'র নোটিশ বোর্ড

ডিজিডিপি'র ওয়েবসাইট